তারিখ ........
পৃষ্ঠা ৪ ... কলাম ... ৬.....
NOV. 27 2002

# ডেফোডিল বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু

গতকাল দেশে দক্ষ তথ্যপ্রযুক্তিবিদ ও উদ্যোক্তা গড়ে তোলার উদ্যোগ নিয়ে বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি সমন্বয়ে নতুন বিশ্ববিদ্যালয় হিসেবে ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির নতুন ক্যাম্পাসের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। এ উপলক্ষে ইউনিভার্সিটির নতুন ক্যাম্পাসে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ভাইস চ্যান্সেলর প্রফেসর আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্পিকার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক ও শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন। এছাড়াও সংসদ সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর ও কর্মকর্তারা, বিভিন্ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, সরকারি ও বেসরকারি কলেজের অধ্যক্ষ, বিভিন্ন পত্রিকার সম্পাদক ও সাংবাদিকবৃন্দ, ছাত্রছাত্রীর অভিভাবকবৃন্দ, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন: সংবাদ বিজ্ঞপ্তি।